



জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
সদর রোড, জয়পুরহাট

ফোন নং-০৫৭১-৬২২৭৪, ৬২৩০০
Website : www.pbs.joypurhat.gov.bd
E-mail: gmjoypurhatpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৩৮৪৭.৫২০.০১.০৩৮.২১. ৭০১৮

তারিখ :- ১১ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারী, ২০২১ ইং

“ Request for quotation(RFQ)”

জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব ত হবিলের আওতায় “ডিজিটাল ওজন পরিমাপের স্কেল” সরবরাহের জন্য বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে :-

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ (টি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	ডিজিটাল ওজন পরিমাপের স্কেলঃ ক্যাপাসিটি ১০০০ কেজি, সাইজঃ ৪০" x ৪০" (সমিতির প্রদর্শিত নমুনা মোতাবেক)	০১ টি		
Total=				

শর্তাবলীঃ-

- (১) দরপত্র সমূহ সীল মোহরযুক্ত খামে আগামী ০৩-০৩-২০২১ ইং তারিখ দুপুর ১১:৩০ ঘটিকার মধ্যে (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা অথবা (খ) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, সদর রোড, জয়পুরহাট এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। দরপত্র সমূহ একই দিন অর্থাৎ ০৩-০৩-২০২১ ইং তারিখ বেলা ১১-৩৫ ঘটিকার সময় উল্লেখিত স্থান সমূহে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- (২) মালামালের গুণগতমান ও স্পেসিফিকেশন পবিস মনোনীত প্রতিনিধি কর্তৃক যাচাই করা হবে। মনোনীত প্রতিনিধির সন্তোষজনক প্রত্যয়ন ব্যতিরেকে মালামাল গ্রহণ করা হবে না।
- (৩) খামের উপর স্পষ্টাক্ষরে “ডিজিটাল ওজন পরিমাপের স্কেল” সরবরাহ কথাটি উল্লেখ করতে হবে।
- (৪) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সর্বশেষ জারীকৃত পরিপত্র অনুযায়ী ভ্যাট এবং আয়কর কর্তন করা হবে।
- (৫) নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- (৬) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে নিজ খরচে ও দায়িত্বে জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতিতে সরবরাহ করতে হবে।
- (৭) দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, ভ্যাট রেজিস্ট্রেশন এবং আয়কর সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটো কপি সংযুক্ত করতে হবে।
- (৮) সন্তোষজনকভাবে “ডিজিটাল ওজন পরিমাপের স্কেল” সরবরাহের পর গুণগতমান যাচাই ও প্রত্যয়ন সাপেক্ষে মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানকে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- (৯) দরপত্রে কাটাকাটি, ঘষাঘষি এবং ফুইড ব্যবহার করা যাবে না, অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- (১০) জয়পুরহাট পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৪/২/২০২১

(মোঃ এনামুল হক প্রামানিক)
সিনিয়র জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পবিস

অনুলিপিঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহণের সদয় অনুরোধ করা হলো।)
- (২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো।)
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবোর্ড, বগুড়া।
- (৪) প্রশাসক, জেলা পরিষদ, জয়পুরহাট।
- (৫) জেলা প্রশাসক/পুলিশ সুপার, জয়পুরহাট।
- (৬) সিঃ জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..... পবিস-১/২/৩/৪,.....।
- (৭) নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, জয়পুরহাট।
- (৮) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত বিভাগ, জয়পুরহাট।
- (৯) উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/কালাই/ক্ষেতলাল/পাঁচবিবি/আক্কেলপুর।
- (১০) মেয়র, জয়পুরহাট পৌরসভা, জয়পুরহাট।
- (১১) ডেপুটি জেনারেল ম্যানেজার, কারিগরী/পাঁচবিবি/আক্কেলপুর জপবিস।
- (১২) নোটিশ বোর্ড, জয়পুরহাট সদর অফিস, জপবিস।
- (১৩) মেসার্স

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের
মাধ্যমে বহুল প্রচারের
জন্য অনুরোধ করা হলো।

২৪/২/২০২১
সিনিয়র জেনারেল ম্যানেজার
জয়পুরহাট পবিস